গাংনীতে পালন করা হলো আমরা ৯৩ এর সপ্তাহব্যাপী বৃক্ষরোপণ কর্মসূচি উদ্বোধন

জীবিকার জন্য গাছ,জীবনের জন্য গাছ” এই প্রতিপাদ্য মেহেরপুরের গাংনীতে পালন করা হলো আমরা ৯৩ এর সপ্তাহব্যাপী বৃক্ষরোপণ কর্মসূচি উদ্বোধন। শনিবার বিকালে গাংনীর বাঁশবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয় চত্বরে গাছ লাগানোর মাধ্যমে মেহেরপুর জেলায় এ কর্মসূচীর উদ্বোধন করা হয়। আমরা ৯৩ এর অন্যতম সদস্য অত্র স্কুলের প্রধান শিক্ষক আলিমুজ্জামান এর সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন আমরা ৯৩ খুলনা বিভাগীয় সমন্বয়কারী নুরুজ্জামান, শরিফুল ইসলাম, সাংবাদিক এম এ হাসান সুমন এবং শিক্ষক ও সাংবাদিক রফিকুল আলম বকুল।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন মকলেছুর রহমান, রানা, শাওন,রজব,সাফায়েত কালাম, খাইরুল নুরুজ্জামান, রবিউলসহ মেহেরপুর জেলার আমরা ৯৩ এর সদস্যরা উপস্থিত ছিলেন। আমরা ৯৩ এর পক্ষ থেকে খুলনা বিভাগীয় সমন্বয়কারী রফিকুল আলম বকুল বলেন,আমরা ৯৩ দেশের একটা বড় সামাজিক প্লাটফর্ম। এই সংগঠনের মাধ্যমে অসহায়, অসচ্ছল বন্ধুদের সহযোগিতা করা হয়। সামাজিক দায়বদ্ধতার মাধ্যমে বৃক্ষ রোপন সপ্তাহ পালন করা হচ্ছে। তিনি এই সংগঠনের এডমিন ওমর ফারুকের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। খুলনা বিভাগীয় পেজ এর এডমিন জাহিদুল হক সুমিত কে ধন্যবাদ জানান।

চুয়াডাঙ্গা পুলিশ সুপারের তত্ত্বাবধানে স্বাভাবিক জীবনে

ফেরার শপথ নিলেন দুই মাদক ব্যবসায়ী

চুয়াডাঙ্গা পুলিশ সুপার মোঃ জাহিদুল ইসলাম পেশাগত দায়িত্বের পাশাপাশি কাজ করে যাচ্ছেন সমাজের সকল প্রকার অন্যায় ও অনিয়মের বিরুদ্ধে তারই ধারাবাহিকতায় ও

পুলিশ সুপারের তৎপরতায় স্বাভাবিক জীবনে ফেরার শপথ করলেন ০২ (দুই) মাদক ব্যবসায়ী ওহিদুল ইসলাম ও চাঁন মিয়া।

ইন্সপেক্টর জেনারেল, বাংলাদেশ পুলিশ, ড. বেনজীর আহমেদ, বিপিএম (বার) বাংলাদেশকে মাদকমুক্ত করার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেছেন। যার প্রেক্ষিতে দেশ ব্যাপী বাংলাদেশ পুলিশ মাদক নির্মূলে নানামুখী তৎপরতা শুরু করেছে। চুয়াডাঙ্গা জেলা পুলিশের ধারাবাহিক মাদক বিরোধী অভিযানে মাদক ব্যবসায়ী ও মাদকসেবীরা কোণঠাসা হয়ে পড়েছে। চুয়াডাঙ্গা সদর থানার ভান্ডরদহ গ্রামের আব্দুল ওহাবের পুত্র মো: ওহিদুল ইসলাম এবং আয়নালের পুত্র চাঁন মিয়াদ্বয় পুলিশি মাদক বিরোধী তৎপরতায় মাদক ব্যবসা পরিত্যাগ করে স্বাভাবিক জীবনে ফিরে আসার জন্য আত্মসর্মপণ করার সিদ্ধান্ত নেন।

শনিবার বেলা সাড়ে এগারোটার সময় চুয়াডাঙ্গা পুলিশ সুপারের কার্যালয়ে হাজির হয়ে আর কখনো মাদক ব্যবসা না করার অঙ্গীকার ব্যক্ত করে শপথ করেন ওহিদুল ইসলাম ও চাঁন মিয়া

এসময় পুলিশ সুপার চুয়াডাঙ্গা মোঃ জাহিদুল ইসলাম মাদক ব্যবসায়ীদের উদ্দেশ্যে বলেন, কোন মাদক ব্যবসায়ীকে ছাড় দেওয়া হবে না। বিধায় আসন্ন বিপদ আসার পূর্বেই সকল মাদক ব্যবসায়ীকে আত্মউপলদ্ধি থেকে মাদক ব্যবসা ছেড়ে স্বাভাবিক জীবনে ফিরে আসার এবং ধর্মীয় অনুশাসন মেনে চলার আহব্বান জানান।

২১ আগস্টে নিহতদের স্মরনে মেহেরপুরে আলোচনা সভা ও দোয়া মাহফিল

প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে হত্যা প্রচেষ্টা ও রক্তস্নাত একুশে আগস্টে নিহতদের স্মরণে মেহেরপুর পৌর আওয়ামীলীগের উদ্যোগে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

শনিবার সকালে মেহেরপুর সদর উপজেলা পরিষদ মিলনায়তনে এই আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

মেহেরপুর পৌর আওয়ামী লীগের সভাপতি ও সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান অ্যাডভোকেট ইয়ারুল ইসলামের সভাপতিত্বে আলোচনা সভায় উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা পরিষদের

চেয়ারম্যান ও সদর থানা আওয়ামী লীগের সভাপতি গোলাম রসুল, সাবেক প্রশাসক ও জেলা আইনজীবী সমিতির সভাপতি অ্যাডভোকেট মিয়াজান আলী, মেহেরপুর জেলা যুবলীগের আহ্বায়ক ও মেহেরপুর পৌরসভার মেয়র মাহফুজুর রহমান রিটন, মেহেরপুর সদর উপজেলা আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক আব্দুর রব বিশ্বাস , মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাবেক সহ-সভাপতি ও জেলা চেম্বার অব কমার্সের সহ-সভাপতি আলহাজ আসকার আলী, মেহেরপুর পৌর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আক্কাস আলী ও নিশান সাবের প্রমুখ। আলোচনা পরবর্তীতে ২১ আগস্টে নিহতের বিদেয়ী আত্মার মাগফেরাত কামনায় দোয়া করা হয়।

গাংনীতে ২১ আগস্ট গ্রেনেড হামলার প্রতিবাদ আলোচনা ও

মানববন্ধন

২০০৪ সালে ২১ আগস্ট ভয়াবহ গ্রেনেড হামলায় নিহতদের মাগফেরাত কামনায় আলোচনা সভা ও দোয়া মাহফিল করেছে মেহেরপুরের গাংনী উপজেলা আওয়ামীলীগ। শনিবার সকালে গাংনী উপজেলা নির্বাহী অফিসারের সভাকক্ষে অনুষ্ঠিত এ সভায় প্রধান অতিথী ছিলেন মেহেরপুর-২ গাংনী আসনের এমপি সাহিদুজ্জামান খোকন।
উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক গোলাম মোস্তফার সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় বক্তারা গ্রেনেড হামলায় নিহতদের মাগফেরাত কামনা করেন। সেই সাথে ফাঁসির রায় কার্যকরের দাবীতে উপজেলা পরিষদের সামনে মেহেরপুর কুষ্টিয়া সড়কে মানববন্ধন করেন নেতা কর্মীরা। মানববন্ধনে নের্তৃত্ব দেন এমপি সাহিদুজ্জামান খোকন।

আলোচনা সভায় বক্তব্য রাখেন, উপজেলা আওয়ামীলীগের যুগ্ম সাধারণ সম্পাদক নাজমুল হুদা বিশ্বাস,জেলা আওয়ামীলীগের ত্রাণ ও সমাজ কল্যাণ বিষয়ক সম্পাদক মিজানুর রহমান রানা, উপজেলা আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক মনিরুল ইসলাম মাস্টার মটমুড়া ইউপি চেয়ারম্যান ও যুবলীগ নেতা গাংনী পৌর আওয়ামীলীগের সভাপতি ছানোয়ার হোসেন বাবলু, সাধারণ সম্পাদক আনারুল ইসলাম বাবু, নেতা সোহেল আহম্মেদ,সাহারবাটি ইউপি চেয়ারম্যান গোলাম ফারুক,জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক মুনতাসির জামান মৃদুল প্রমুখ। গাংনী উপজেলা জামে মসজিদের ঈমাম ইলিয়াস হোসেন দোয়া ও মোনাজাত পরিচালন করেন।

কোটচাঁদপুরে সাপের ওঁঝাদের সঙ্গে ওসির মতবিনিময়

ঝিনাইদহের কোটচাঁদপুরে বিষধর সাপের কামড়ে আহত মুমূর্ষ রোগীদের ডাক্তারী চিকিৎসা সেবা নিশ্চিত করতে উপজেলার বিভিন্ন অঞ্চলের সাপের কবিরাজদের (ওঁঝা) সঙ্গে মতবিনিময় সভা করেছেন থানার অফিসার ইনচার্জ (ওসি) মঈন উদ্দিন। শনিবার বেলা সাড়ে ১১ টার দিকে কোটচাঁদপুর মডেল থানায় এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। মতবিনিময়

সভায় উপজেলার বিভিন্ন এলাকা থেকে আগত সাপের কবিরাজ (ওঁঝা) তাদের মতামত তুলে ধরেন।

সভায় ওসি মঈন উদ্দিন বলেন, সম্প্রতি উপজেলার বিভিন্ন গ্রাম এলাকায় সাপের কামড়ে শিশুসহ নানা বয়সী মানুষের মৃত্যু বেড়ে যাওয়ায় আতঙ্ক ছড়িয়ে পড়েছে। সাপের কামড়ে আহত মুমূর্ষ রোগীদের কবিরাজী চিকিৎসা দিতে গিয়ে সময় কালক্ষেপনের ফলে অনেক রোগী মারা যায়। যথা সময়ে দ্রুত উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে ডাক্তারী চিকিৎসার পরামর্শ দেন। এসময় তিনি সাপের ওঁঝাদের হুশিয়ারী দিয়ে বলেন, কবিরাজী চিকিৎসা দিতে গিয়ে কোন রোগী মারা গেলে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।

মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন, থানার সেকেন্ড অফিসার এস.আই আব্দুল মান্নান, ডিউটি অফিসার এস.আই আনারুল ইসলাম, এ.এস.আই আজমুল হক, সিনিয়র সাংবাদিক কাজী মৃদুল, এসএম রায়হান, মঈন উদ্দীন খাঁন সহ বিভিন্ন এলাকার সাপের কামড়ে রোগীদের চিকিৎসা দেওয়া ২৫ জন কবিরাজ (ওঁঝা) উপস্থিত ছিলেন।

কুষ্টিয়ার পদ্মা-গড়াইয়ে বাড়ছে পানি, প্লাবিত অনেক গ্রাম

কুষ্টিয়ায় পদ্মা ও তার প্রধান শাখা গড়াই নদীতে পানি বাড়ছে। এতে জেলার বন্যা ও ভাঙন পরিস্থিতির অবনতি হয়েছে।

অপরদিকে দৌলতপুর উপজেলার পদ্মা তীরবর্তী চরাঞ্চলের দুই ইউনিয়নের ৩৭টি গ্রাম প্লাবিত হয়েছে। সেখানকার অন্তত ৫০ হাজার মানুষ পানিবন্দি হয়ে পড়েছে। শিশু, বৃদ্ধ মানুষ ও গবাদিপশু নিয়ে চরম দুর্ভোগ পোহাচ্ছে তারা।

পানি উন্নয়ন বোর্ডের তথ্যমতে, কুষ্টিয়ায় গত ২৪ ঘন্টায় পদ্মায় পানি বেড়েছে দশমিক ৩ মিটার। এই সময়ে পদ্মার প্রধান শাখা গড়াইয়ে

দশমিক ৪ মিটার পানি বেড়েছে। এখন পানি বিপদসীমার কাছাকাছি দিয়ে প্রবাহিত হচ্ছে। পদ্মার হার্ডিঞ্জ ব্রিজ পয়েন্টে পানির বিপদসীমা ১৪ দশমিক ২৫ মিটার থেকে মাত্র দশমিক ৫ মিটার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে।

এদিকে প্রতিবারের মতো এবারও দৌলতপুর উপজেলার রামকৃষ্ণপুর ইউনিয়নের ১৯টি গ্রামের মধ্যে ১৭টি গ্রাম ও চিলমারী ইউনিয়নের ২০টি গ্রাম মোট ৩৭ গ্রাম প্লাবিত হয়েছে। সেখানকার বন্যা পরিস্থিতির অবনতি হওয়ায় ওই সকল গ্রামের ৫০ হাজার মানুষ এখন পানিবন্দি অবস্থায় মানবেতর জীবনযাপন করছে।

বন্যাকবলিতরা বলেন, বন্যায় আমন ধান, পাটক্ষেত ও মরিচক্ষেতসহ বিভিন্ন ধরনের কয়েক হাজার হেক্টর জমির ফসল পানিতে তলিয়ে গেছে। বিশুদ্ধ পানি ও পশু খাদ্যেরও সংকট দেখা দিয়েছে। পর্যাপ্ত ত্রাণ সহায়তা পাননি তারা।

দৌলতপুর আসনের সংসদ সদস্য এ্যাড. আ. কা. ম. সরওয়ার জাহান বাদশাহ্ শুক্রবার পরিদর্শন করে বলেন, বন্যাকবলিত এলাকায় ইতোমধ্যে ১ হাজার পরিবারের মধ্যে ১০ মেট্রিকটন চাল, ৩ লাখ টাকার খাদ্য সহায়তা দেওয়া হয়েছে। মানুষের আশ্রয়ের জন্য এলাকার স্কুলসহ শিক্ষা প্রতিষ্ঠানগুলো খুলে দেওয়া হয়েছে। দ্রুত সময়ে বন্যার্তদের আরও ত্রাণ সহায়তার কথা জানিয়ে স্থায়ী বন্যা নিয়ন্ত্রণ বাঁধ নির্মাণের কথা জানিয়েছেন এই সংসদ সদস্য।

কুষ্টিয়া পানি উন্নয়ন বোর্ড এর তত্বাবধায়ক প্রকৌশলী মো. আব্দুল হামিদ বলেন, গত কয়েকদিন ধরে অস্বাভাবিক হারে পানি বৃদ্ধির ফলে কুষ্টিয়া-হরিপুর শেখ রাসেল সেতু রক্ষা বাঁধসহ নদীতীরবর্তী বিভিন্ন উপকূলে ভাঙন পরিস্থিতির অবনতি হয়েছে। ভাঙনরোধে বিভিন্ন স্থানে বালুর বস্তা ফেলছে পানি উন্নয়ন বোর্ড।

তিনি বলেন, এভাবে পানি বাড়তে থাকলে আগামীকালের মধ্যে পানি বিপদসীমা ছুঁয়ে ফেলবে। এতে আরও ক্ষয়ক্ষতি বাড়তে পারে।

ঝিনাইদহে স্বামী পরিত্যাক্তা ছয় মাসের গর্ভবতী

ঝিনাইদহ সদর উপজেলার বিজয়পুর গ্রামে এক স্বামী পরিত্যাক্তা যুবতীর সঙ্গে বিয়ের আশ্বাসে অবৈধ মেলামেশায় ওই নারী এখন ছয় মাসের গর্ভবতী। পুলিশ নারীকে উদ্ধার করে শুক্রবার রাতে ঝিনাইদহ সদর থানায় নিয়ে আসে। পুলিশ ও এলাকাবাসী সূত্রে জানা গেছে স্বামী পরিত্যাক্তা ওই নারী বিজয়পুর গ্রামের মৃত আমির হোসেনের মেয়ে সামেলা খাতুনের বাড়িতে আসা যাওয়া করতো। সামেলা নিজেও স্বামী পরিত্যাক্তা। অভিযোগ উঠেছে সামেলা খাতুনের সহায়তায় অপু নামে এক ইজিবাইক চালক বিয়ের আশ্বাসে একাধিকবার শারীরিক সম্পর্ক গড়ে তোলে। গত 14 ই ফেব্রুয়ারি বিশ্ব ভালোবাসা দিবসের দিন অজ্ঞাত আরো দুই তিন যুবকের সামনে ওই নারীকে ঘরের মধ্যে নিয়ে শারীরিক সম্পর্ক করে অপু। বিষয়টি জানাজানি হয়ে পড়ে। অজ্ঞাত আরও দুই তিনজন যুবকের সঙ্গে শারীরিক সম্পর্ক করা না হলে অপুর সঙ্গে মেলামেশার বিষয়টি গ্রামের মাতুব্বরদের জানানো হবে বলে শামেলা খাতুন হুমকি দেয়। এভাবে অপুসহ ওই অজ্ঞাত যুবকের সঙ্গে একাধিকবার অবৈধ মেলামেশার ফলে ওই নারী গর্ভবতী হয়ে পড়ে। ৬ মাস গর্ভবতী হওয়ার খবরটি বৃহস্পতিবার জানাজানি হয়ে যায়। বিজয়পুর গ্রামের মাতব্বররা বিষয়টি পোড়াহাটি ইউনিয়নের চেয়ারম্যান শহিদুল ইসলাম হিরনকে জানান। বিষয়টি নিয়ে চেয়ারম্যান শহিদুল ইসলাম হিরন গণমাধ্যমকর্মীদের জানান তিনি গ্রামবাসীর কাছ থেকে এ ধরনের একটি খবর পেয়ে কার্যকরী পদক্ষেপ ও ধর্ষকদের গ্রেপ্তারের জন্য পুলিশকে ব্যবস্থা নিতে বলেছেন। এ বিষয়ে ঝিনাইদহ সদর থানার এসআই রফিকুল ইসলাম জানান, স্বামী পরিত্যাক্তা ছয় মাসের গর্ভবতী ওই নারীকে উদ্ধার করে জবানবন্দি গ্রহণ করা হয়েছে। অভিযুক্তদের সনাক্ত করার চেষ্টা চালাচ্ছি। কারা কারা ওই বাড়িতে নিয়মিত যাওয়া আশা করতো তাদেরকে চিহ্নিত করে আইনের আওতায় আনা হবে বলেও তিনি জানান। এ বিষয়ে সদর থানায় একটি মামলা হয়েছে।

মেহেরপুরে ২ জন করোনা আক্রান্ত! মৃত্যু-১

মেহেরপুরে নতুন করে ২ জন করোনা আক্রান্ত হয়েছেন। নতুন আক্রান্তদের মধ্যে সদরে ২ জন। মৃত্যবরণ করেছেন ১ জন।

শুক্রবার রাতে মেহেরপুর সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন এ তথ্য নিশ্চিত করেন।

সূত্রে আরও জানা গেছে, নতুন প্রাপ্ত রিপোর্ট ২৩ টি। তারমধ্যে ২ জন করোনা পজিটিভ। এনিয়ে বর্তমানে মেহেরপুর জেলায় করোনা পজেটিভ এর সংখ্যা ১৮৬ জন। তার মধ্যে সদরে ১৫ জন, গাংনীতে ১১০ জন এবং মুজিবনগরে ৬১ জন।

এ পর্যন্ত মেহেরপুরে মারা গেছেন ১৭৩ জন । মৃতদের মধ্যে সদরে ৮১ জন, গাংনী ৫৪ জন ও মুজিবনগরে ৩৯ জন।

ঝিনাইদহে সাপে কাটা রোগীদের ওঝা-কবিরাজদের অপচিকিৎসা বন্ধের দাবিতে মানববন্ধন

ঝিনাইদহ সহ সারা দেশে সাপে কাটা রোগীদের ঝাড়ফুক দেওয়ার নামে ওঝা-কবিরাজদের অপচিকিৎসা বন্ধের দাবিতে ঝিনাইদহে মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে।
শুক্রবার সকালে ১০ টার সময় শহরের পোস্ট অফিস মোড়ে এ কর্মসূচীর আয়োজন করে ‘যুব ফেডারেশন’ নামের এক যুব সংগঠন।
এতে ব্যানার ফেস্টুন নিয়ে সংগঠনটির সদস্যসহ নানা শ্রেণী পেশার মানুষ অংশ নেয়। এসময় বক্তব্য রাখেন, সম্মিলিত সাংস্কৃতি জোটের সাধারণ সম্পাদক রাজু আহম্মেদ মিজান, জেলা মহিলা আওয়ামী লীগের নেত্রী নাছিমা সিদ্দীকী বুলবুলি, সাহিত্যিক ও কবি চাঁদ অর্ণিবাণ,

যুব ফেডারেশনের আহ্বায়ক এস এম রবি, হামদহ কালীমন্দিরের সাংগঠনিক সম্পাদক আকাশ বিশ্বাস, সহ-সাংগঠনিক সম্পাদক স্বদেশ কুমার কুন্ডু, যুবনেতা ও সমাজসেবক মাজহারুল ইসলাম রাজা, শ্রমিক লীগ নেতা আহম্মদ মুন্সীসহ অন্যান্যরা।
এসময় বক্তারা বলেন, ঝিনাইদহসহ সারা দেশে সাপে কাটা রোগীদের ঝাড়ফুকের নামে ওঝারা অপচিকিৎসা দিচ্ছে। তাদের কারণে প্রতিবছর দেশে শত শত মানুষ মারা যায়। চলতি বছরে ঝিনাইদহে ২০ জন সাপের কামড়ে মারা গেছে। যাদের বেশির ভাগ রোগীকের ওঝারা ঝাড়ফুক দিয়েছে। অসুস্থ হয়ে গেলে হাসপাতালে নেওয়া হলে চিকিৎসরা মৃত ঘোষণা করেন। দেশ থেকে এসব অপচিকিৎসা বন্ধের জন্য ওঝাদের তালিকা করে গ্রেফতারের দাবি জানান তারা। শেষে এর বিরুদ্ধে জনসচেতনা বাড়াতে পথনাটিকা অনুষ্ঠিত হয়।

আলমডাঙ্গায় পূর্বশত্রুতার জের ধরে পুলিশের সোর্স মনিরুলকে শ্বাসরোধে হত্যা

আলমডাঙ্গায় বাড়ি থেকে ডেকে নিয়ে মনিরুল ইসলাম নামে একজনকে শ্বাসরোধ করে হত্যার ঘটনা ঘটেছে। বৃহস্পতিবার রাত ১১টার দিকে উপজেলার খাসকররা ইউনিয়নের হাকিমপুর গ্রামে এ ঘটনা ঘটে।

নিহতের পরিবারের সদস্যদের দাবী- মনিরুল ইসলাম পুলিশের সোর্স হিসেবে কাজ করায় পূর্ব শত্রুতার জেরে তাকে হত্যা করা হয়েছে।

নিহত মনিরুল ইসলাম (৪২) হাকিমপুর গ্রামের মৃত আছের আলীর ছেলে।পুলিশ ও স্থানীয়রা জানায়, বৃহস্পতিবার রাতে বাড়িতেই অবস্থান করছিল মনিরুল। রাত ১১টার দিকে তার মোবাইল ফোনে একটি কল পেয়ে বাইরে চলে যায় মনিরুল। এর কিছুক্ষণ পর বাড়ির পিছন থেকে শব্দ শুনে সেখানে ছুটে যায় তার স্ত্রী ও সন্তানরা। তবে সেখানে কাউকে না পেলেও মনিরুলকে পড়ে থাকতে দেখে তারা। পরে তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নেয়া হলে কর্তব্যরত চিকিৎসক মনিরুলকে মৃত ঘোষণা করেন।

নিহত মনিরুলের স্ত্রী নাসিমা বেগমের অভিযোগ, মনিরুল দিনমজুরের পাশাপাশি পুলিশের সোর্স হিসেবে কাজ করে। এর আগেও সে গ্রামের বেশ কয়েকজনকে মাদকসহ পুলিশের কাছে ধরিয়ে দিয়েছে। সেই শত্রুতার জেরে এর আগে তাকে কুপিয়ে আহতও করা হয়। পরে তার নিরাপত্তায় আলমডাঙ্গা থানায় একটি সাধারণ ডায়েরিও লিপিবদ্ধ করা হয়।

এদিকে খবর পেয়ে হাসপাতালে গিয়ে নিহতের মরদেহ পর্যবেক্ষণ করেন চুয়াডাঙ্গার অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) জাহাঙ্গীর আলম। এসময় তিনি জানান, নিহতের শরীরে তেমন কোন আঘাতের চিহ্ন নেই। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে তাকে শ্বাসরোধ করে হত্যা করা হয়েছে। এটি পূর্বপরিকল্পিত হত্যাকাণ্ড। অভিযুক্তদের শনাক্ত করে আইনের আওতায় আনতে পুলিশের একাধিক টিম কাজ শুরু করেছে।